

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৪৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১৮. দু' রাক'আত সালাত আদায়ের পর (তৃতীয় রাক'আতের জন্য) উঠার সময় দু' হাত উত্তোলন

باب من ذكر أنه يرفع يديه إذا قام من الثنتين

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ، عَنْ عَاصِمِ بْنِ كُلَيْبٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بُنِ الْأَسْوَدِ، عَنْ عَلْقَمَةَ، قَالَ قَالَ عَبْدُ اللهِ عَلَّمَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الصَّلَاةَ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ فَلَمَّا رَكَعَ طَبَّقَ يَدَيْهِ بَيْنَ رُكْبَتَيْهِ قَالَ فَبَلَغَ ذَلِكَ سَعْدًا فَقَالَ صَدَقَ أَخِي قَدْ كُنَّا نَفْعَلُ هَذَا ثُمَّ أُمِرْنَا بِهَذَا يَعْنِي الإِمْسَاكَ عَلَى الرُّكْبَتَيْنِ .

_ صحیح

বাংলা

৭৪৭। 'আলকামাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সালাতের পদ্ধতি শিখিয়েছেন। তিনি তাকবীরে তাহরীমা বলার সময় তাঁর দু' হাত উঠিয়েছেন এবং রুকুতে দু' হাত একত্র করে দু' হাঁটুর মাঝখানে রেখেছেন। এ সংবাদ সা'দ (রাঃ)-এর নিকট পৌঁছলে তিনি বলেন, আমার ভাই ('আবদুল্লাহ ইবনু মাসউদ) সত্যই বলেছেন। পূর্বে আমরা এরূপই করেছি। পরবর্তীতে আমাদেরকে এরূপ (দু' হাঁটুর মাঝখানে হস্তদ্বয় স্থাপন) করা হতে বিরত থাকতে নির্দেশ দেয়া হয়। [1]

সহীহ।

English

Narrated Abdullah ibn Mas'ud:

The Messenger of Allah (ﷺ) taught us how to pray. He then uttered the takbir (Allah is most great) and raised his hands; when he bowed, he joined his hands and placed them between his knees. When this (report) reached



Sa'd, he said: My brother said truly. We used to do this; then we were later on commanded to do this, that is, to place the hands on the knees.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, ১/৩৭৯) অনুরূপ অর্থবোধক, নাসায়ী (অধ্যায়ঃ আত্ববীক, হাঃ ১০৩০)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

𝚱 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58065

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন